# কৃষি তথ্য বার্তা

মাসিক কৃষি তথ্য বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৯ তম বর্ষ ❑ তৃতীয় সংখ্যা ❑ আষাঢ়-১৪৩২, জুন-জুলাই, ২০২৫ ❑ পৃষ্ঠা ৮



রাজশাহী অঞ্চলে স্থানীয় কৃষকদের জন্য ... ২

সঠিক ও সময়োপযোগী তথ্য জনসাধারণের জীবন ... ৪

দেশব্যাপী জাতীয় ফলমেলা ২০২৫ উদ্‌যাপন ... ৫

সিলেটের বড়লেখায় কৃষকদের নিয়ে পার্টনার কংগ্রেস ... ৭


## তিন দিনব্যাপী জাতীয় ফলমেলা ২০২৫ এর উদ্বোধন করেন মাননীয় কৃষি উপদেষ্টা





কৃষি মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) জাতীয় ফলমেলা ২০২৫ উপলক্ষ্যে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং জাতীয় ফলমেলা পরিদর্শন করেন

রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) চত্বরে শুরু হয়েছে তিন দিনব্যাপী জাতীয় ফল মেলা ২০২৫ উদ্বোধন করেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.)। জাতীয় ফলমেলায় এবারের প্রতিপাদ্য বিষয় হলো ‘দেশি ফল বেশি খাই, আসুন ফলের গাছ লাগাই’। মিলনায়তনে জাতীয় ফলমেলা উপলক্ষ্যে আয়োজিত স্বাস্থ্য, পুষ্টি ও বাণিজ্যিকীকরণে এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

## পুষ্টির কথা চিন্তা করে খাদ্য উৎপাদন করা প্রয়োজন



জাতীয় কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. মাহবুবুল হক পাটওয়ারী অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়

রাজধানীর খামারবাড়িস্থ মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের হলে কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পের জাতীয় কর্মশালা ২০২৫ অনুষ্ঠিত হয়। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) মহাপরিচালক মো. ছাইফুল আলমের সভাপতিত্বে এরপর পৃষ্ঠা ৪ কলাম ১

## বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে জমির সুষ্ঠু ব্যবহার সম্ভব



কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

রাজধানী খামারবাড়ি মৃত্তিকা ভবনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন প্রকল্পের জাতীয় কর্মশালা ২৬ জুলাই ২০২৫ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান। এরপর পৃষ্ঠা ৬ কলাম ১



## নারিকেলের চারা বিতরণ কর্মসূচি

২০২৪-২৫ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রংপুর জেলায় ১৪ হাজার নারিকেলের চারা কৃষক ও বিভিন্ন প্রতিষ্ঠানের মাঝে বিনামূল্যে বিতরণ করা হবে। চারা বিতরণ এর শুভ উদ্বোধন করেন রংপুর জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ মোঃ সিরাজুল ইসলাম। উদ্বোধন অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন রংপুর অঞ্চলের আঞ্চলিক বেতার কৃষি অফিসার কৃষিবিদ মোঃ শাহাদাত হোসেন, অতিরিক্ত উপপরিচালক কৃষিবিদ মাহামুদ খাতুন, মেট্রোপলিটন কৃষি অফিসার কৃষিবিদ মোঃ শরিফুল ইসলাম, কৃষক ও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ। (০১ জুলাই ২০২৫)

*কৃষিবিদ মো: শাহাদাৎ হোসেন, কৃতসা, রংপুর*

## কৃষির উন্নয়নে আধুনিক প্রযুক্তি কৃষকদের মাঝে ছড়িয়ে দিতে হবে

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ ড. সাফায়েত আহমেদ সিদ্দীকী বলেন কৃষির উন্নয়নে আধুনিক প্রযুক্তি কৃষকদের মাঝে ছড়িয়ে দিতে হবে। কৃষকদের চাহিদা অনুযায়ী গবেষণা ও তা সকলের মাঝে ছড়িয়ে দেওয়া এখন সময়ের দাবি। আধুনিক কৃষি শুধু উৎপাদন নয়, এটি কৃষকের আয় বৃদ্ধি, জনস্বাস্থ্য রক্ষা এবং পরিবেশ সংরক্ষণেও সহায়ক। ২৪ জুন ২০২৫ মঙ্গলবার ঢাকার ধামরাই উপজেলা পরিষদ হলরুমে আয়োজিত প্রোগ্রাম অন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্টারপ্রেনারশিপ অ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রকল্পের আওতায় পার্টনার কংগ্রেস অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।



*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. সাফায়েত আহম্মদ সিদ্দিকী উপপরিচালক, ডিএই, ঢাকা*

তিনি বলেন কৃষকের এরপর পৃষ্ঠা ৩ কলাম ১

## রাজশাহী অঞ্চলে স্থানীয় কৃষকদের জন্য লাভজনক শস্যবিন্যাস অন্তর্ভুক্তকরণ



*রাজশাহী অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. মো: আজিজুর রহমান প্রধান অতিথি হিসেবে কর্মশালায় অংশগ্রহণ করেন*

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, উপকেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জের গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় রাজশাহী অঞ্চলে উপযোগী বিনা উদ্ভাবিত জাত সম্প্রসারণ ও শস্যবিন্যাস অর্ন্তভুক্তকরণ শীর্ষক আঞ্চলিক কর্মশালা ১৭ জুন ২০২৫, মঙ্গলবার রাজশাহীর প্রাইমারি টিচার্স ইনস্টিটিউট হলরুমে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান অনুপস্থিত থাকায় প্রধান অতিথি হিসেবে কর্মশালা অংশগ্রহণ করেন রাজশাহী অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. মো: আজিজুর রহমান।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, বৃহত্তর রাজশাহী অঞ্চলের জন্য খরা ও তাপসহিষ্ণু আমন ও বোরো ধানের আধুনিক জাত, অন্যান্য ফসলের জাত ব্যবহার বৃদ্ধি করে এবং টেকসই উৎপাদন কলাকৌশল প্রযুক্তির উদ্ভাবন করে উৎপাদনশীলতা বাড়ানো সম্ভব। এ ছাড়াও স্থানীয় কৃষকদের জন্য লাভজনক শস্যবিন্যাস অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোকপাত করেন।

কর্মশালায় সভাপতিত্ব করেন বিনার মহাপরিচালক ড. মো: আবুল কালাম আজাদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়, ডিপার্টমেন্ট অব অ্যাগ্রোনমি অ্যান্ড এগ্রিকালচারাল এক্সটেনশন, প্রফেসর মো: মোস্তাফিজুর রহমান ও বিনার গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের উপপ্রকল্প পরিচালক ড. মোহাম্মদ আশিকুর রহমান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ময়মনসিংহ বিনার পিএসও ও গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের উপপ্রকল্প পরিচালক ড. মো: মাহাবুল আলম তরফদার তিনি পাওয়ার পয়েন্টে বিনার কার্যক্রম তুলে ধরেন।

কর্মশালায় কৃষি সংশ্লিষ্ট বিভাগ কৃষক ও উদ্যোক্তা, ব্যবসায়ী ও অন্যান্য সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

*মো. এমদাদুল হক, কৃতসা, রাজশাহী*



## প্রাকৃতিক দুর্যোগ এর সংক্ষিপ্ত প্রতিবেদন

দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু সক্রিয় থাকায় এবং উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপ এবং দেশের উপকূলীয় অঞ্চলে ভারী থেকে অতিভারী বৃষ্টিপাত জনিত কারণে ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল অঞ্চলের কোথাও কোথাও অস্থায়ী ভাবে জলাবদ্ধতা তৈরি হয়েছে। ফলে মাঠে বিদ্যমান ফসলসমূহ (আউশ, আমন বীজতলা, বোনা আমন, পাট, শাকসবজি, ফলবাগান, পান, তরমুজ ইত্যাদি) পানিতে নিমজ্জিত হয়েছে। কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, খাগড়াছড়ি, পাবনা, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, নড়াইল, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, পটুয়াখালি, বরগুনা, ভোলা, শরীয়তপুর মোট ২১ (একুশ) টি জেলার ৭২,০৭৬ (বাহাত্তর হাজার ছিয়াত্তর) হেক্টর জমির বিভিন্ন ফসল প্রাথমিকভাবে পানিতে নিমজ্জিত হয়েছে। আউশ ৪৪,৬৬২ (চুয়াল্লিশ হাজার ছয়শত বাষট্টি) হেক্টর, আমন বীজতলা ১৪,৩৯৩ (চোদ্দ হাজার তিনশত তিরানব্বই) হেক্টর, পাট ১৩৫ (একশত পঁয়ত্রিশ) হেক্টর, শাকসবজি ৯,৬৭৩ (নয় হাজার ছয়শত তেহাত্তর) হেক্টর, কলা ১১৪ (একশত চোদ্দ) হেক্টর, পেঁপে ২৯৩ (দুইশত তিরানব্বই) হেক্টর, পান ৩৮৭ (তিনশত সাতাশি) হেক্টর, বোনা আমন আবাদ ২৯৭ (দুইশত সাতানব্বই) হেক্টর, মরিচ ১০৪ (একশত চার) হেক্টর, পেপে ২৯৩ (দুইশত তিরানব্বই) হেক্টর, গ্রীষ্মকালীন তরমুজ ২৮১ (দুইশত একাশি) হেক্টরসহ মোট ৭২,০৭৬ (বাহাত্তর হাজার ছিয়াত্তর) হেক্টর জমির বিভিন্ন ফসল প্রাথমিকভাবে পানিতে নিমজ্জিত হয়েছে। কুমিল্লা জেলার ১১,৫৯০ (এগারো হাজার পাঁচশত নব্বই) হেক্টর জমির বিভিন্ন ফসল (আউশ, আমন, শাকসবজি, মরিচ, আখ) পানিতে নিমজ্জিত হয়েছে। নোয়াখালী জেলার ৭,৮০৬ (সাত হাজার আটশত ছয়) হেক্টর জমির বিভিন্ন ফসল (আউশ, আমন, শাকসবজি, মরিচ, তরমুজ) পানিতে নিমজ্জিত হয়েছে। ফেনী জেলার ১,৬৫৫ (এক হাজার ছয়শত পঞ্চান্ন) হেক্টর জমির বিভিন্ন ফসল (আউশ, আমন, শাকসবজি, মরিচ) পানিতে নিমজ্জিত হয়েছে। বৃষ্টিপাত হ্রাস পাওয়ায় ফসলসমূহের নিমজ্জিত থাকার হার ক্রমান্বয়ে কমে যাচ্ছে।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## ঢাকায় বার্ষিক কৃষি গবেষণা পর্যালোচনা

*শেষ পৃষ্ঠার পর*

বাবলু, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. নাজমুন নাহার। কর্মাশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন ড. মোঃ গোলাম মোস্তফা, সিএসও, ব্রিডিং সেকশন, বিজেআরআই এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. এস এম মাহবুব আলী, সিএসও এবং কো-অর্ডিনেটর, জিনোম রিসার্চ সেন্টার। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. নার্গিস আক্তার। (৩০ জুন ২০২৫)

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

## কৃষির উন্নয়নে আধুনিক প্রযুক্তি কৃষকদের মাঝে

*দ্বিতীয় পৃষ্ঠার পর*

কৃষকের পরিশ্রমেই আমাদের খাদ্য নিরাপত্তা বজায় রয়েছে। তবে কৃষিকাজে বিষাক্ত কীটনাশক ব্যবহারে সতর্কতা জরুরি, কারণ এটি পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ধামরাই উপজেলা নির্বাহী কর্মকর্তা মামনুর আহমেদ অনীক। সভাপতির বক্তব্যে তিনি বলেন আধুনিক কৃষি এখন আর শুধু উৎপাদনের মধ্যে সীমাবদ্ধ নয় বরং এটি কৃষকের আয় বাড়ানো পরিবেশ রক্ষা এবং জনসাস্থ্য নিশ্চিত করতেও কার্যকর। ধামরাই উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ আরিফুর রহমান বলেন পিএফএস প্রশিক্ষণ প্রাপ্ত কৃষকেরা যাতে কৃষির যান্ত্রিকীকরণ, পুষ্টি সচেতনতা, বাজার ব্যবস্থাপনা ও ফার্মার সার্ভিস সেন্টার গঠনে বাস্তবমুখী পরিকল্পনা নেওয়া হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশিক্ষণ কর্মকর্তা মুহাম্মদ শফিকুর রহমান।

*কামরুন্নাহার (কাকন), কৃতসা, ঢাকা*

## রাজশাহীতে পার্টনার প্রোগ্রামের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত




*কর্মশালায় রাজশাহী বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) জনাব খন্দকার আজিম আহমেদ এনডিসি প্রধান অতিথির বক্তব্য রাখছেন*

খোরপোশের কৃষিকে রূপান্তরের মাধ্যমে বাণিজ্যিক কৃষির মধ্য দিয়ে পুষ্টি চাহিদা পূরণ পার্টনার প্রোগ্রামের মূল লক্ষ্য বলেন কর্মশালার প্রধান অতিথি বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) খন্দকার আজিম আহমেদ এনডিসি। পার্টনার প্রোগ্রামের মাধ্যমে কৃষকের উৎপাদিত পণ্য সংরক্ষণ করা হলে কৃষক তার উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য পাবে।

বৃহস্পতিবার ২৬ জুন ২০২৫ প্রাইমারি শিক্ষক ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই) রাজশাহীর কনফারেন্স রুমে প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্টারপ্রেনিউরশিপ অ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রোগ্রামের আঞ্চলিক কর্মশালা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল রাজশাহীর আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি একথা বলেন।


প্রধান অতিথি বলেন, কৃষক অনেক কষ্ট করে ফসল উৎপাদন করেও মৌসুমে ন্যায্য মুল্য থেকে বঞ্চিত হয়। সংরক্ষণ ব্যবস্থা না থাকায় কৃষক তার আমের মূল্য কম পাচ্ছে। তাই রাজশাহী অঞ্চলে আম প্রসেসিং ইউনিট স্থাপন করলে কৃষক বছরব্যাপী লাভবান হতে পারবেন। তিনি পার্টনার প্রোগ্রামের ভবিষ্যৎ পরিকল্পনায় কৃষকের উৎপাদিত পণ্য অপচয়ের হাত থেকে রক্ষার দীর্ঘস্থায়ী ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানিয়ে কর্মশালার শুভ উদ্বোধনী ঘোষণা করেন।

কর্মশালায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহীর অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. মো: আজিজুর রহমান সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ উইং এর যুগ্ম সচিব দীপঙ্কর বিশ্বাস, রাজশাহী আঞ্চলিক বীজ প্রত্যয়ন এজেন্সির আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার কৃষিবিদ ড. মোতালেব হোসেন এবং পার্টনারের প্রোগ্রাম কোঅর্ডিনেটর কৃষিবিদ মো: আবুল কালাম আজাদ।

কর্মশালার শুরুতেই পার্টনারের অ্যাডিশনাল প্রোগ্রাম ডিরেক্টর কৃষিবিদ ড. গৌর গোবিন্দ দাশ তার স্বাগত বক্তব্যে রাজশাহী অঞ্চলে পার্টনার প্রোগ্রামে কার্যক্রম সুন্দর ও সুষ্ঠভাবে পরিচালিত করায় স্টেক হোল্ডারগণকে ধন্যবাদ জানান।

কর্মশালায় কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর প্রধান ও প্রতিনিধি উপস্থিত ছিলেন।

*মো: দেলোয়ার হোসেন, কৃতসা, রাজশাহী*




'খামারি' মোবাইল অ্যাপ

## সঠিক ও সময়োপযোগী তথ্য জনসাধারণের জীবন বদলে দিবে : অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়



*কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. জাকির হোসেন কৃষি তথ্য সার্ভিস কর্তৃক আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন*

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. জাকির হোসেন কৃষি তথ্য সেবা জোরদার করার আহ্বান জানিয়ে বলেন বর্তমান বিশ্ব তথ্য নির্ভর। সঠিক ও সময়োপযোগী তথ্য কৃষক তথা আপামর জনসাধারণের জীবন বদলে দিবে। এছাড়া আগামীতে বিভিন্ন বিষয়ে সফল উদ্যোক্তা হওয়ার পাশাপাশি তথ্য নিয়ে উদ্যোক্তা হওয়ার ও সুযোগ আছে। ২৫ জুন ২০২৫ কৃষি তথ্য সার্ভিস কর্তৃক আয়োজিত কৃষি প্রযুক্তি বিস্তারে কৃষি তথ্য সার্ভিসের গুরুত্ব শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন প্রচলিত পদ্ধতিতে সবজি ও ফল চাষাবাদের ফলে অনেক সময় চাষিরা মূল্য পায় না। সে ক্ষেত্রে চাষের ক্ষেত্রে আগাম মৌসুম নির্বাচন করা বা অপ্রচলিত ফল ও সবজি চাষ করলে কৃষকেরা বেশি লাভবান হবে। তাদের কাছে এ বিষয়ক তথ্যসেবা প্রদান করা জরুরি। কৃষি তথ্য সার্ভিস, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠপর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের সাথে একত্রে কাজ করে তথ্য সেবা কৃষকদের দোরগোড়ায় পৌঁছে *এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*

## পুষ্টির কথা চিন্তা করে খাদ্য উৎপাদন করা

*প্রথম পৃষ্ঠার পর*

এতে প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) মো. মাহবুবুল হক পাটওয়ারী। বিশেষ অতিথি ছিলেন ডিএইর প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইংয়ের পরিচালক মো: আব্দুস সাত্তার, ক্রপস উইংয়ের পরিচালক ড. মো: হজরত আলী, প্রশাসন ও অর্থ উইংয়ের পরিচালক মোঃ হাবিবউল্লাহ, প্রকল্প পরিচালক আ.ন.ম. আনোয়ারুল হাসান। কারিগরি সেশন পরিচালনা করেন মোঃ হাবিবউল্লাহ এবং স্বাগত বক্তব্য ও প্রকল্পের কার্যক্রম উপস্থাপন করেন প্রকল্প পরিচালক, আ.ন.ম. আনোয়ারুল হাসান। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, মাঠপর্যায়ের কাজের গুণগত মান বাড়াতে হবে, আগে খাদ্য উৎপাদনের কথা বলা হতো, এখন পুষ্টিকেও অন্তর্ভুক্ত করা হচ্ছে। আমরা জিংক ও প্রোটিন সমৃদ্ধ জাত চাষের ব্যাপারে চিন্তা করব। মিষ্টিআলু খাওয়ার পরামর্শ দিয়ে বলেন, এটি খুবই উপকারী, এতে প্রচুর পরিমাণ পুষ্টি থাকে। তিনি অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের আহ্বান জানান।

সভাপতি তার বক্তব্যে বলেন, পুষ্টিতে পিছিয়ে থাকার অর্থ হচ্ছে আমাদের ব্যর্থতা, তাই আমাদের পুষ্টি বিষয়ে সবাইকে সচেতন করে তুলতে হবে এবং এ বিষয়ে আমাদের প্রকল্পগুলোর মধ্যে সমন্বয় সাধন করতে হবে। (বুধবার, ১৮ জুন ২০২৫)

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*




২৮ জুন ২০২৫ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের টিএসসি অডিটোরিয়াম এ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফিক সোসাইটি কর্তৃক আয়োজিত স্থিরচিত্র প্রতিযোগিতা "Life Through The Lens "সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মো. আব্দুল লতিফ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. মসীহুর রহমান, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস।

*কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা*

## প্রকল্প পরিচালক নিয়োগ হবে মেধা ও যোগ্যতার

*শেষ পৃষ্ঠার পর*

বলেন, জুন মাসে যেসব প্রকল্পের কাজ শেষ হয়েছে, সেগুলো বাস্তবায়নের ফলে কৃষকরা কতটা উপকৃত হবেন তা নিয়ে আলোচনা হয়েছে। পাশাপাশি বৃষ্টির পানি ধরে রাখা ও খাল খনন, পেঁয়াজ সংরক্ষণে এয়ার ফ্লোভিত্তিক সংরক্ষণাগার ও মৌসুমি সবজি সংরক্ষণে মিনি কোল্ডস্টোরেজ, বীজ আলু সংরক্ষণে পৃথক কোল্ড স্টোরেজ নির্মাণ নিয়েও কাজ চলছে।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## কৃষি মন্ত্রণালয় খাদ্যের নিরাপত্তা নিশ্চিতে ২০৫০

*শেষ পৃষ্ঠার পর*

মিলে একসাথে কাজ করলে ২০৫০ সালে আমরা নিরাপদ খাদ্যের সংস্থান করতে পারবো। ২৩ জুন ২০২৫ সকালে খুলনার দৌলতপুরস্থ ডিএই অতিরিক্ত পরিচালক কার্যালয়ের অডিটোরিয়ামে ক্লাইমেট-স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন অভিযোজন (১ম সংশোধিত) প্রকল্পের জাতীয় কর্মশালায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

কর্মশালায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খুলনা অঞ্চলের অতিরিক্ত পরিচালক মোঃ রফিকুল ইসলাম এতে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথির বক্তব্য দেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংগনিরোধ উইংয়ের পরিচালক মোঃ আব্দুর রহিম, প্রশাসন ও অর্থ উইংয়ের অতিরিক্ত পরিচালক ড. মোহাম্মদ কাজী মুজিবুর রহমান, উদ্ভিদ সংরক্ষণ উইংয়ের উপপরিচালক ড. নুরে আলম সিদ্দিকী, আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার বিভাষ চন্দ্র সাহা ও কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট দৌলতপুরের অধ্যক্ষ (অব:) ড. এস এম ফেরদৌস প্রমুখ। বক্তারা আঞ্চলিক প্রকল্পটির সার্বিক সফলতা ও ভবিষ্যতে আরো উন্নত প্রযুক্তি খুলনাসহ দেশের দক্ষিণাঞ্চলের কৃষি ও কৃষকের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। কর্মশালায় প্রকল্পের কার্যক্রম পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন প্রকল্প পরিচালক শেখ ফজলুল হক মনি। এ সময় খুলনা কৃষি অঞ্চলের ডিএই জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ, বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক, কৃষক, উদ্যোক্তা ও এআইএস কর্মকর্তাসহ দেড় শতাধিক অতিথি উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা*

# দেশব্যাপী জাতীয় ফলমেলা ২০২৫ উদযাপন

*'দেশি ফল বেশি খাই, আসুন ফলের গাছ লাগাই' প্রতিপাদ্যকে সামনে রেখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালনায় দেশব্যাপী উদযাপন হয় জাতীয় ফলমেলা ২০২৫*

## রাজশাহী



রাজশাহী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালকের অফিস চত্বর, রাজশাহীতে শুরু হয়েছে তিন দিনব্যাপী আম মেলা। মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোহাম্মদ হাবিবুর রহমান। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রাজশাহী অঞ্চলের অতিরিক্ত পরিচালক ড. মো. আজিজুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য দেন রাজশাহীর পুলিশ সুপার ফারজানা ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মো. মহিনুল হাসান, ফল গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. শফিকুল ইসলাম প্রমুখ। এ সময় স্বাগত বক্তব্য প্রদান করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহীর উপপরিচালক কৃষিবিদ উম্মে ছালমা। মেলায় ২০টি স্টল স্থান পেয়েছে। স্টলে নানান জাতের আমসহ বিভিন্ন দেশীয় ফল দিয়ে সাজিয়েছে। (২৪ জুন ২০২৫, মঙ্গলবার) *মো. এমদাদুল হক, কৃতসা, রাজশাহী*

## বরিশাল




কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) আয়োজিত তিন দিনব্যাপী ফলমেলা উদ্বোধন করেন বরিশালের জেলা প্রশাসক মোহাম্মদ দেলোয়ার হোসেন। ডিএইর উপপরিচালক মোসাম্মৎ মরিয়মের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশালের জেলা পুলিশ সুপার মো. শরিফ উদ্দীন। অনুষ্ঠানে অতিরিক্ত উপপরিচালক (শস্য) মো. মুসা ইবনে সাঈদ, অতিরিক্ত উপপরিচালক (উদ্যান) মো. শহিদুল ইসলাম, মেট্রোপলিটন কৃষি অফিসার জয়ন্তি এদবর, উজিরপুরের উপজেলা কৃষি অফিসার কপিল বিশ্বাস, হিজলার কৃষি সম্প্রসারণ অফিসার শামীম আফ্রিদি, মুলাদীর কৃষি সম্প্রসারণ অফিসার মো. হারুন-উর-রশিদ অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন। মেলায় ৫টি স্টল স্থান পায়। মেলার প্রদর্শিত হরেক রকমের দেশি-বিদেশি ফলের সমারোহ দেখে আগত দর্শনার্থীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি হয়। (২৭ জুন ২০২৫) *নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

## চট্টগ্রাম




কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, চট্টগ্রামে ফলমেলা ১৯ জুন ২০২৫ অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রামের উপপরিচালক, কৃষিবিদ মোহাম্মদ আবদুছ ছোবহান। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফরিদ খানম, জেলা প্রশাসক, চট্টগ্রাম। তিনি বলেন বিদেশী ফলের চেয়ে আমাদের দেশীয় ফলের পুষ্টিগুণ অনেক বেশি, তাই প্রত্যেকের বাসাবাড়ির ছাদে দেশি ফলের চারা লাগাবেন এবং দেশি ফল বেশি করে খাবেন, অন্যকেও উৎসাহিত করবেন। অনুষ্ঠান শেষে ছাত্র ছাত্রীদের মাঝে ফলের চারা বিতরণ করেন। অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ, কৃষক, ছাত্রছাত্রী, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া কর্মিগণ উপস্থিত ছিলেন।

*সৌরভ চন্দ্র বড়ুয়া, কৃতসা, চট্টগ্রাম*

## সিলেট




কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেটের উদ্যোগে সিলেট, খামারবাড়ি চত্বরে ১৯-২১ জুন তিন দিনব্যাপী ফলমেলা ২০২৫ উদ্বোধন করা হয়। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সিলেটের উপপরিচালক কৃষিবিদ মোস্তফা ইকবাল আজাদের সভাপতিত্বে মেলার উদ্বোধন করেন সিলেটের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আনোয়ার উজ জামান। মেট্রোপলিটন কৃষি অফিসার সায়মা নাজমিন এর পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশিক্ষণ কর্মকর্তা দীপক কুমার দাস, সিলেট টেক্সটাইল ইনস্টিটিউট এর অধ্যক্ষ ইঞ্জিনিয়ার মোঃ হুমায়ুন কবির, সিলেট মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ আসিফ আজিজ। অনুষ্ঠানের পূর্বে প্রধান অতিথি ফলমেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন এবং নারিকেল ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য উপস্থিত কৃষক- কৃষাণীদের মাঝে বিনামূল্যে নারিকেল চারা বিতরণ করেন। *মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট* এরপর পৃষ্ঠা ৬ কলাম ১

## কুমিল্লা

পঞ্চম পৃষ্ঠার পর




কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), খামারবাড়ি, কুমিল্লার অফিস চত্বরে ১৯-২১ জুন ২০২৫ তারিখে তিন দিনব্যাপী ফলমেলা ২০২৫ অনুষ্ঠিত হয়। মেলা উদ্বোধন করেন, ডিএই, কুমিল্লা অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ আজিজুর রহমান। মেলায় প্রদর্শিত হয়েছে ২০ জাতের আমসহ নানা প্রকারের দেশি ফল। মেলায় প্রদর্শিত বিভিন্ন জাতের আকর্ষনীয় ফল দেখার জন্য কৃষক সহ সাধারণ দর্শনার্থী ছুটে আসেন। এ সময় ডিএই, কুমিল্লা অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ আজিজুর রহমান ও ডিএই, কুমিল্লা জেলার উপপরিচালক কৃষিবিদ আইউব মাহমুদ মেলার গুরুত্ব ও তাৎপর্য কয়েকটি গণমাধ্যমের সামনে তুলে ধরেন।

*মোঃ মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*

## সঠিক ও সময়োপযোগী তথ্য জনসাধারণের জীবন

চতুর্থ পৃষ্ঠার পর

দিতে পারবে বলে তিনি আশা ব্যক্ত করেন। তিনি আরও বলেন, বিভিন্ন প্রশিক্ষণের রেকর্ড ভিডিও করা, মানসম্মত টেনিং আয়োজনসহ বিভিন্নভাবে তথ্যগুলো জনসাধারণের মাঝে পৌঁছে দিতে হবে। কৃষি তথ্য সার্ভিসের রিভিজিট বাস্তবায়নের মাধ্যমে সেবা প্রদান আরও গতিশীল হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

কৃষি তথ্য সার্ভিসের কনফারেন্স রুমে অনুষ্ঠিত উক্ত সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. ওবায়দুর রহমান মণ্ডল, পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো. মাহাবুবুল আলম, অধ্যাপক (কৃষি সম্প্রসারণ ও ইনফরমেশন সিস্টেম) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ঢাকা। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. সফিউল ইসলাম আফ্রাদ, অধ্যাপক, কৃষি সম্প্রসারণ ও পল্লী উন্নয়ন গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এবং মুহাম্মদ মাহবুব ইসলাম অধ্যাপক (কৃষি উদ্ভিদ বিজ্ঞান বিভাগ), শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা। কৃষি তথ্য সার্ভিসের পরিচালক মোঃ মসীহুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সেমিনারে কৃষি মন্ত্রণালয়ের সকল দপ্তর সংস্থার প্রতিনিধিবৃন্দ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তর ও আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা*

## বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে জমির

প্রথম পৃষ্ঠার পর

মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্প পরিচালক মোহাম্মদ আব্দুল হালিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. মাহবুবুল হক পাটোয়ারী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর মহাপরিচালক মো. ছাইফুল আলম। প্রধান অতিথি বলেন এ প্রকল্পের মাধ্যমে পাহাড়ি ও উপকূলীয় জমিকে ফসলের আওতায় আনা এবং ফল উৎপাদন বৃদ্ধি, পুষ্টি উন্নয়ন, বাজারজাতকরণ, সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণে আরো গুরুত্ব দিতে হবে। অনুষ্ঠানে বিভিন্ন জেলা ও উপজেলা কৃষি কর্মকর্তা ও কৃষক প্রতিনিধি উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*



## কুমিল্লায় 'জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ' -এর ভিত্তিপ্রস্তর স্থাপন

১৪ জুলাই, ২০২৫ তারিখ সোমবার, কুমিল্লা জেলার সদর উপজেলার আলেখার চরে 'জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ'-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। জুলাই গণঅভ্যুত্থানে কুমিল্লার বীর শহীদদের আত্মত্যাগ ও অবদানকে স্মরণীয় করে রাখতে এই স্তম্ভটি নির্মাণ করা হচ্ছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লার জেলা প্রশাসক জনাব মোঃ আমিরুল কায়ছার। তিনি শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং এই স্মৃতিস্তম্ভটি নতুন প্রজন্মের কাছে গণঅভ্যুত্থানের ইতিহাস তুলে ধরবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

*কৃষিবিদ মনিরুল হক রোমেল, কৃতসা, কুমিল্লা*

## পাবনা সপ্তাহব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৫ এর উদ্বোধন




*পাবনার জেলা প্রশাসক মোহাম্মদ মফিজুল ইসলাম জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা উপলক্ষ্যে বর্ণাঢ্য র‍্যালিতে অংশগ্রহণ করেন*

"পরিকল্পিত বনায়ন করি, সবুজ বাংলাদেশ গড়ি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে পাবনায় সপ্তাহব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৫ এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। সোমবার, ০৭ জুলাই ২০২৫ জেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগ, পাবনার আয়োজনে শহরের বীর মুক্তিযোদ্ধা রফিকুল ইসলাম বকুল স্বাধীনতা চত্বরে এ মেলা উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ মফিজুল ইসলাম।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বলেন, পরিবেশের ভারসাম্য বজায় রাখতে বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। এখন বর্ষাকাল, গাছ লাগানোর উপযুক্ত সময়। আমাদের প্রত্যেকের উচিত নিজ বাড়ির আঙিনা ও ফাঁকা জায়গায় পরিকল্পিতভাবে বৃক্ষরোপণ করে পরিবেশের ভারসাম্য রক্ষা করা। এই কর্মসূচির মাধ্যমে পাবনা জেলাকে আরও সবুজ ও সুন্দর করে তোলার পাশাপাশি জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় স্থানীয় সকলকে সম্পৃক্ত থাকার আহ্বান জানান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী তারিকুল ইসলাম, বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, পাবনা। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন, ড. আবুল কালাম আজাদ, সিভিল সার্জন; তৌহিদ ইকবাল, উপপরিচালক প্রমুখ।

মেলায় ২২টি স্টলে জেলার বিভিন্ন নার্সারি মালিকেরা বাহারি রকমের ফুল ও ফলের চারা নিয়ে অংশগ্রহণ করেছেন।

*মোঃ গোলাম আরিফ, কৃতসা, পাবনা*

# সিলেটের বড়লেখায় কৃষকদের নিয়ে পার্টনার কংগ্রেস অনুষ্ঠিত

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বড়লেখা এর আয়োজনে প্রোগ্রাম অন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্টার প্রেনরশিপ অ্যান্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ' (পার্টনার) প্রকল্পের আওতায় পিএফএস এবং নন-পিএফএস সদস্য নিয়ে পার্টনার কংগ্রেস ২০২৫ মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলা পরিষদ হলরুমে ১৮ জুন ২০২৫ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সিলেট অঞ্চলের পার্টনার প্রোগ্রামের সিনিয়র মনিটরিং অফিসার কৃষিবিদ মোহাম্মদ নাসির উদ্দিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার তাহমিনা আক্তার। মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি সম্প্রসারণ অফিসার কৃষিবিদ এ এস এম রাশেদুজ্জামান বিন হাফিজ। উপসহকারী কৃষি কর্মকর্তা পলাশ দত্তের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মো. মনোয়ার হোসেন। বিশেষ অতিথির বক্তব্যে রাখেন বর্নী ইউপি চেয়ারম্যান মো. জয়নাল আবেদীন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হাওলাদার আজিজুল ইসলাম, বড়লেখা প্রেসক্লাব সভাপতি আনোয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক আব্দুর রব। উক্ত পার্টনার কংগ্রেস কৃষি উদ্যোক্তা, কৃষক-কৃষাণী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, বিভিন্ন প্রিন্ট ও ইলেক্টনিক মিডিয়ার গণমাধ্যমকর্মীরা অংশগ্রহণ করেন।




*অনুষ্ঠানে বক্তব্যরত প্রধান অতিথি জনাব তাহমিনা আক্তার উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, সিলেট*

*মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট*

## পুষ্টি কর্নার : আমড়া



আমাদের দেশে দুই প্রজাতির আমড়া পাওয়া যায়, এগুলো হলো বিলাতি আমড়া ও দেশি আমড়া। দেশি আমড়ার কোনো অনুমোদিত জাত নেই।

আমড়া একটি পুষ্টি সমৃদ্ধ ফল। এতে ভিটামিন সি ছাড়া ক্যারোটিন, শর্করা ও বিভিন্ন খনিজ পদার্থ রয়েছে।

আমড়া পিত্ত ও কফ নিবারণ করে। আমনাশক ও কণ্ঠস্বর পরিষ্কার করে। অরুচিতে ও পিত্তবমনে ব্যবহার করা হয়। খাদ্যশক্তি ৫১, পানি ৮৬.৭, আমিষ ১.১, চর্বি ০.৮, শর্করা ৮.৯, খাদ্যআঁশ ১.৬, ক্যালসিয়াম ৫৭, লৌহ ২.৮, জিংক ০.১৭, থায়ামিন ০.২৮, রাইবোফ্লাবিন ০.০৪, ভিটামিন সি ৭৭.০।

বৃহত্তর বরিশাল ও সাতক্ষীরা এলাকায় এর উৎপাদন সবচেয়ে বেশি।

*সংকলন-কৃষি ডাইরি, কৃষি তথ্য সার্ভিস*



কৃষি তথ্য সার্ভিসের পুনর্গঠন ও ভবিষ্যৎ পরিকল্পনা শীর্ষক সেমিনার রাজধানীর খামারবাড়ির কৃষি তথ্য সার্ভিসের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। কৃষি তথ্য সার্ভিসের পরিচালক মোঃ মসীহুর রহমান এ সেমিনারে সভাপতিত্ব করেন। সেমিনারে কৃষি তথ্য সার্ভিসের পুনর্গঠন ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) এর প্রশিক্ষণ উইংয়ের উপপরিচালক ও রিভিজিট কমিটির সদস্য ড. আকলিমা খাতুন। সেমিনারে প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয় এর অতিরিক্ত সচিব, (প্রশাসন অনুবিভাগ) মোহাঃ শওকত রশীদ চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর মহাপরিচালক মোঃ সাইফুল আজম খান, কৃষি তথ্য সার্ভিসের প্রধান তথ্য অফিসার বি এম রাশেদুল আলম।

অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর ও কৃষি তথ্য সার্ভিসের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ কৃষি তথ্য সার্ভিসের প্রাক্তন পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন (সোমবার, ২৪ জুন ২০২৫ )।

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

# তিন দিনব্যাপী জাতীয় ফলমেলা

প্রথম পৃষ্ঠার পর

দেশি ফল: বর্তমান প্রেক্ষিত, চ্যালেঞ্জ ও সম্ভাবনা শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষি উপদেষ্টা।

মেলার উদ্বোধন ও স্টল পরিদর্শন শেষে মাননীয় কৃষি উপদেষ্টা বলেন, মানুষকে পর্যাপ্ত পুষ্টি জাতীয় খাবার দিতে সরকার কাজ করছে। বর্তমানে একজন পূর্ণবয়স্ক ব্যক্তির দৈনিক ফলের চাহিদা ২০০ গ্রামের বিপরীতে মাত্র ৫৫-৬০ গ্রাম খেতে পারছে। এটিকে ২০০ গ্রামে উন্নীত করতে হবে। ১৭ কোটি মানুষের প্রত্যেকের জন্য ২০০ গ্রাম ফল নিশ্চিত করা অনেক বড় চ্যালেঞ্জিং। সেজন্য পুষ্টি জাতীয় খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে সরকার কাজ করে যাচ্ছে। চালের উৎপাদনে আমরা যেমন বিপ্লব ঘটিয়েছি তেমন ফলের উৎপাদনেও বিপ্লব ঘটাতে চাই। দেশি ফল বিলুপ্ত হবে না জানিয়ে উপদেষ্টা বলেন, দেশি ফলের জার্মপ্লাজম সংরক্ষণ করা হচ্ছে।

কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান এর সভাপতিত্বে স্বাগত বক্তব্য প্রদান করেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: আবু জুবাইর হোসেন বাবলু, কী-নোট পেপার উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যানতত্ত্ব বিভাগের প্রফেসর ড. মো. আজিজুর রহমান এবং কী-নোট পেপারের ওপর আলোচনা করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের গবেষণা বিভাগের পরিচালক ড. মুন্সী রাশীদ আহমদ এবং খাদ্য প্রকৌশল ও প্রযুক্তি বিভাগ এর প্রফেসর ড. মোহাম্মদ গোলজারুল আজিজ প্রমুখ বক্তব্য প্রদান করেন।

উল্লেখ্য, প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত এ মেলা সর্বসাধারণের জন্য উন্মুক্ত ছিল। এ ফল মেলায় আগত দর্শনার্থীরা ফল চাষের বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে জানতে ও রাসায়নিকমুক্ত বিভিন্ন জাতের ফল কিনতে পেরেছেন। সরকারি পর্যায়ে ২৬টি ও বেসরকারি পর্যায়ে ৪৯টি মিলিয়ে মোট ৭৫টি প্রতিষ্ঠান এ মেলায় অংশগ্রহণ করেছে।

রাজধানীসহ সারাদেশের ৬৪টি জেলার ৪৩১টি উপজেলায় এ ফল মেলা অনুষ্ঠিত হচ্ছে। (বৃহস্পতিবার, ১৯ জুন ২০২৫)

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

# প্রকল্প পরিচালক নিয়োগ হবে মেধা ও যোগ্যতার ভিত্তিতে– মাননীয় কৃষি উপদেষ্টা



মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে কৃষি মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন প্রকল্প মূল্যায়ন সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) বলেছেন, প্রকল্প পরিচালক নিয়োগ হবে মেধা ও যোগ্যতার ভিত্তিতে। মাননীয় উপদেষ্টা ২ জুলাই ২০২৫ তারিখে রাজধানীর ফার্মগেটে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে কৃষি মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন প্রকল্প মূল্যায়ন সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। মাননীয় উপদেষ্টা তাঁর বক্তব্যে টপ সয়েল রক্ষা, সারের ব্যবহার কমানো, কৃষি জমি নষ্ট করে স্থাপনা নির্মাণ না করা, প্রকল্পের কেনাকাটায় দুর্নীতি না করাসহ বিবিধ বিষয়ে প্রকল্প পরিচালকদের নির্দেশনা দেন।

সভায় কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান সভাপতিত্ব করেন। সভা শেষে উপদেষ্টা সাংবাদিকদের ব্রিফ করেন।

ব্রিফিংয়ে বাজার পরিস্থিতি নিয়ে প্রশ্নের জবাবে মাননীয় কৃষি উপদেষ্টা বলেন, চাল আমদানি ও অভ্যন্তরীণ ফলন ভালো হলেও বাজারে দাম বাড়তি। সরকার চেষ্টা করছে তা নিয়ন্ত্রণে আনতে। গণমাধ্যমের সহযোগিতা এ ক্ষেত্রে অত্যন্ত জরুরি।

মাননীয় কৃষি উপদেষ্টা কৃষি-ভিত্তিক প্রকল্প নিয়ে

এরপর পৃষ্ঠা ৪ কলাম ১

# রাজধানীর ঢাকায় খামারবাড়ির চত্বরে জাতীয় ফলমেলা ২০২৫ এর সমাপনী অনুষ্ঠান আয়োজিত

‘দেশি ফল বেশি খাই, আসুন ফলের গাছ লাগাই’ এ প্রতিপাদ্যে তিন দিন ব্যাপী শুরু হওয়া জাতীয় ফলমেলা ২০২৫ এর সমাপনী অনুষ্ঠান ২১ জুন ২০২৫ রাজধানীর খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) চত্বরে অনুষ্ঠিত হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ ছাইফুল আলম এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোহাং শওকত রশীদ চৌধুরী, মোঃ আবু জুবাইর হোসেন বাবলু, মোঃ জাকির হোসেন। সরকারি পর্যায়ে ২৬টি ও বেসরকারি পর্যায়ে ৪৯টি মিলিয়ে মোট ৭৫টি প্রতিষ্ঠান এ মেলায় অংশগ্রহণ করেছে। মেলায় অংশ নেওয়া বিভিন্ন সরকারি-বেসরকারি পর্যায়ের স্টলকে মূল্যায়নের মাধ্যমে পুরস্কার প্রদান করা হয়।

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

# ঢাকায় বার্ষিক কৃষি গবেষণা পর্যালোচনা কর্মশালা অনুষ্ঠিত



কৃষি মন্ত্রণালয়ের মাননীয় কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

রাজধানীর মানিক মিয়া এভিনিউয়ে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে বার্ষিক কৃষি গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২৫ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের গবেষণা অনুবিভাগের অতিরিক্ত সচিব মোঃ জুবাইর হোসেন এরপর পৃষ্ঠা ৩ কলাম ১

# কৃষি মন্ত্রণালয় খাদ্যের নিরাপত্তা নিশ্চিতে ২০৫০ সাল নাগাদ প্রেক্ষিত পরিকল্পনা গ্রহণ করেছে – মহাপরিচালক, ডিএই



কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ ছাইফুল আলম খুলনার দৌলতপুরস্থ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ ছাইফুল আলম বলেছেন, স্বাধীনতার পর যদি কোন দৃশ্যমান সফলতা থাকে তা কৃষি বিভাগেরই রয়েছে। কৃষির চ্যালেঞ্জ অনেক বেশি থাকলেও আমাদের এ সফলতাকে ধরে রাখতে হবে। কৃষি মন্ত্রণালয় ২০৫০ সাল নাগাত প্রেক্ষিত পরিকল্পনা গ্রহণের মাধ্যমে নিরাপদ খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করতে চ্যালেঞ্জ গ্রহণ করেছে। তিনি আরো বলেন, সকলে এরপর পৃষ্ঠা ৪ কলাম ৩

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ আব্দুল্লাহ আল মামুন কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০. ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd